

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 29.10.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ রাজ্যে আয়ুষ্সহান ভারত প্রকল্প চালু না হওয়ায় রাজ্য সরকারের সমালোচনা করেছেন। শ্রী মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে কল্যাণী এইমসে তিনটি নতুন পরিষেবার সূচনা করেন।
- ২) কেন্দ্র, আগামী বছরে এক কোটি যুবাকে ইন্টার্নশিপ দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে। দিল্লী থেকে আজ রোজগার মেলায় নিয়োগপত্র বিতরণের পর শ্রী মোদী বলেন, পি এম সূর্যধর মুফত বিজলি প্রকল্পের আওতায় দেশে ৮০০ টি সৌর গ্রাম গড়ে তোলা হবে।
- ৩) ঘূর্ণিঝড় দানায় ক্ষতিগ্রস্ত রাজ্যের ৯ লক্ষেরও বেশি কৃষককে ক্ষতিপূরণ দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সিদ্ধান্ত নিয়েছেন।
- ৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগ সম্পর্কে নির্বাচন কমিশন, পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে।
- ৫) রাজ্যের ৬ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়ন পত্র প্রত্যাহারের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। রাজ্য জুড়ে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হবে আগামী ১২ ই নভেম্বর।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজ্যে আয়ুষ্সহান ভারত প্রকল্প চালু না হওয়ায় রাজ্য সরকারের সমালোচনা করেছেন। শ্রী মোদী আয়ুর্বেদ দিবস এবং ধনুন্তরি জয়ন্তী উপলক্ষে আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে নদীয়ার কল্যাণী এইমসে নতুন তিনটি পরিষেবার উদ্বোধন করে বলেন, ইচ্ছে থাকলেও রাজনৈতিক প্রতিবন্ধকতা প্রবীণ মানুষদের সেবায় বাধা হয়ে দাঁড়াচ্ছে। রাজনৈতিক স্বার্থে অসুস্থ মানুষদের কষ্টে রাখার প্রবণতার সমালোচনা করে শ্রী মোদী বলেন, এই কারণেই তিনি কারোর সেবা করতে পারছেন না। এজন্য তিনি রাজ্যের প্রবীণ মানুষদের কাছে ক্ষমাপ্রার্থী।

বাইট মোদী

শ্রী মোদী আজ কল্যাণী এইমসে কার্ডিয়াক ক্যাথল্যাব, অত্যাধুনিক হাট লাং মেশিন ও প্রধানমন্ত্রী জন ঔষধি কেন্দ্রের উদ্বোধন করেন।

এই উপলক্ষে কল্যাণী এইমসের অডিটোরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি বড় পর্দায় দেখানোরও ব্যবস্থা করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর ভার্চুয়ালি বক্তব্য রাখেন। কল্যাণীতে অন্যদের মধ্যে সাংসদ শমীক ভট্টাচার্য, জগন্নাথ সরকার, এক্সেকিউটিভ ডিরেক্টর রাম জি সিং প্রমুখ ভাষণ দেন।

এদিকে রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার উত্তরবঙ্গের মানুষের জন্য আরও একটি এইমস স্থাপন করা উচিত বলে মন্তব্য করেন। বিধায়ক অম্বিকা রায়, সুব্রত ঠাকুর, পার্থসারথী চ্যাটার্জী, আশিস কুমার বিশ্বাস, অসীম কুমার সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে, রাজ্য তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ প্রধানমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করে বলেন, এ রাজ্যে স্বাস্থ্য সাথী প্রকল্পের মাধ্যমে মানুষ প্রয়োজনীয় পরিষেবা পাচ্ছেন।

বাইট কুনাল

কেন্দ্রীয় সরকার, আগামী পাঁচ বছরে এক কোটি যুবক যুবতীকে ইন্টার্নশিপ দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে। দিল্লি থেকে আজ ভিডিও কনফারেন্সিং-এর রোজগার মেলায় নিয়োগপত্র বিতরণ করে প্রধানমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ যোজনায় প্রতিমাসে পাঁচ হাজার টাকা করে দেওয়া হবে। যুব সমাজের দক্ষতা বৃদ্ধির কথা মাথায় রেখে স্কিল ইন্ডিয়া প্রকল্পের অধীনে কৌশল বিকাশ কেন্দ্রগুলিতে তাঁদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

কলকাতায় জাতীয় গ্রন্থাগারে ডাক বিভাগের পক্ষ থেকে রোজগার মেলা অনুষ্ঠানে ২১৮ জনকে নিয়োগপত্র দেওয়া হয়। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর চাকরি প্রাপকদের হাতে নিয়োগপত্র তুলে দিয়ে বলেন, রোজগার মেলার মাধ্যমে বহু মানুষের কাছে কাজ পৌঁছে যাচ্ছে। আরও বেশি করে এই মেলা আয়োজনের ওপর তিনি গুরুত্ব দেন।

পশ্চিম বর্ধমানের দুর্গাপুর এনআইটিতে রোজগার মেলায় ১৮৬ জনকে নিয়োগপত্র দেওয়া হয়। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জলসম্পদ উন্নয়ন প্রতিমন্ত্রী রাজ ভূষন চৌধুরী।

উল্লেখ্য, রাজস্ব, উচ্চ শিক্ষা, স্বরাষ্ট্র ও প্রতিরক্ষা মন্ত্রক, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ সহ বিভিন্ন বিভাগে আজ নবনিযুক্ত ৫১হাজার ২৩৬জনের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হয়। সারাদেশে ৪০টি স্থানে অনুষ্ঠিত হয় এই রোজগার মেলা।

কেন্দ্র, পিএম সূর্যঘর মুফত বিজলি প্রকল্পের আওতায় দেশে ৮০০ টি সৌর গ্রাম গড়ে তুলবে বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন। দিল্লি থেকে আজ রোজগার মেলায় নিয়োগ পত্র বিতরণের পর শ্রী মোদী বলেন, এই প্রকল্পে ইতোমধ্যে প্রায় দেড় কোটিরও বেশি গ্রাহক, নাম নথিভুক্ত করেছেন এবং ৫ লক্ষেরও বেশি গৃহে সৌর প্যানেল বসানো হয়েছে। প্যানেল বসানোর জন্য ৩০ হাজার যুবককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং এই প্রকল্পের মাধ্যমে যুব সমাজের কাছে রোজগারের বহু পথ খুলে গেছে।

ঘূর্ণিঝড় দানার প্রভাবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে রাজ্যে ৯ লক্ষেরও বেশি কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন। শস্য বীমা প্রকল্পের আওতায় তাদের সকলকেই ক্ষতিপূরণ দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী সিদ্ধান্ত নিয়েছেন। তিনি আজ নবান্নে কৃষি এবং পঞ্চায়েত দফতরের সঙ্গে বৈঠকে ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতি এবং আবাস যোজনার সমীক্ষার অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেন।

বৈঠকের পর কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, পুজোর আগে ডিভিসির ছাড়া জলে বানভাসি এলাকা এবং সাম্প্রতিক ঘূর্ণিঝড়জনিত দুর্যোগে ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরীর কাজ এখনো চলছে।

#### বাইট

এপর্যন্ত ৬১ লক্ষ ৫৫ হাজার কৃষক ক্ষতিপূরণের জন্য আবেদন জানিয়েছেন। সাম্প্রতিক দুর্যোগ নিয়ে করা সমীক্ষা অনুযায়ী, এ পর্যন্ত ৯ লক্ষ ৩ হাজার ৫৪৩ জন ক্ষতিগ্রস্ত কৃষকের সন্ধান পাওয়া গিয়েছে। সমীক্ষার কাজের গতি নিয়ে উদ্বা প্রকাশ করে মুখ্যমন্ত্রী, আরো দ্রুত তা শেষ করার নির্দেশ দেন।

-----

রাজ্য সরকার, আবাস যোজনা প্রকল্পের সুবিধা নিতে কেন্দ্রের সব শর্ত মানবে না বলে জানা গেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নবান্নে কৃষি ও পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী, সচিব ও আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। বাড়ির একাংশ পাকা হলে উপভোক্তারা এই প্রকল্পের সুবিধা পাবেন না বলে কেন্দ্রের শর্ত থাকলেও তারা এই প্রকল্পে রাজ্যের টাকা পাবেন বলে মুখ্যমন্ত্রী বৈঠকে জানিয়েছেন। নবান্ন সূত্রে এ খবর জানা গেছে।

উল্লেখ্য, এই প্রকল্পে কেন্দ্র বকেয়া অর্থ না মেটানায় রাজ্য সরকার, তার নিজের তহবিল থেকে প্রায় সাড়ে ১১ লক্ষ উপভোক্তাদের টাকা মিটিয়ে দিতে সমীক্ষার কাজ শুরু করেছে।

-----

আবাস যোজনার সমীক্ষায় নাম না থাকার অভিযোগে এবং ত্রিপলের দাবিতে পুরুলিয়ার মানবাজার ১ নম্বর ব্লকের বিভিন্ন গ্রামের মহিলারা আজ বিক্ষোভ দেখান। তাদের অভিযোগ, পাকা বাড়ি না থাকলেও তাদেরকে সমীক্ষার আওতায় আনা হয়নি। মানবাজার থানার বিশাল পুলিশ বাহিনী বিডিও অফিসে গিয়ে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করে। বিডিও বিষয়টি দেখার আশ্বাস দিলে বিক্ষোভ উঠে যায়।

-----

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগ করেছে। তা নিয়ে নির্বাচন কমিশন, পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে। ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট জেলাশাসককে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

আগেই জানানো হয়েছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে তৃণমূল কংগ্রেস, নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। দলের রাজ্য সভাপতি সুব্রত বস্তু মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে চিঠি দিয়ে অভিযোগ করেছেন, রাজ্যে ৬ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আদর্শ আচরণবিধি জারি থাকলেও শ্রী শাহ, বনগাঁয় নতুন প্রকল্পের উদ্বোধন এবং সরকারি মঞ্চকে ব্যবহার করে রাজনৈতিক প্রচার করেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে কারণ দর্শানোর নোটিশ দিতে এবং তার বিরুদ্ধে বিধি মার্কিত পদক্ষেপ করতেও চিঠিতে অনুরোধ করা হয়।

-----

রাজ্যের ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে।

সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা আসনে ৬২টি মনোনয়ন জমা পড়েছে। মোট প্রার্থী ৪৩ জন।

এদিকে, কোচবিহারের সিতাই বিধানসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থীর হলফনামায় অসঙ্গতির অভিযোগে বাম-কংগ্রেসের পর এবার সরব হয়েছে বিজেপিও। মনোনয়নপত্র বাতিলের দাবিতে আজ রিটার্নিং অফিসারের কাছে অভিযোগ জমা দিয়েছে তারা। কোচবিহার সার্কিট হাউসে সাধারণ পর্যবেক্ষকের সঙ্গে দেখা করে তার কাছে অভিযোগ জমা দিয়েছেন বাম প্রার্থী অরুণ কুমার বর্মার। ইতিমধ্যে এই নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছে ফরওয়ার্ড ব্লক।

উল্লেখ্য, গত পঞ্চায়েত নির্বাচনে শাসক দলের প্রার্থী সংগীতা রায় বসুনিয়া তার হলফনামায় স্বামীর নাম জগদীশচন্দ্র বর্মার বসুনিয়া বলে উল্লেখ করেছিলেন। তবে এই উপনির্বাচনে তিনি স্বামীর নাম না দিয়ে বাবার নাম উল্লেখ করেছেন। এছাড়াও তার জাতিগত শংসাপত্র এবং আয়-ব্যয়ের হিসেবেও অসংগতি রয়েছে অভিযোগ।

রাজ্যে আসন্ন বিধানসভা উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য কেন্দ্রীয় বাহিনীকে সর্বতোভাবে ব্যবহার করতে হবে এবং তা নিয়ে কোনোরকম অভিযোগ বরদাস্ত করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ এক বিশেষ ভিডিও কনফারেন্সে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে এই মর্মে বার্তা দিয়েছেন। আগামী ১৩ই নভেম্বর রাজ্যের ৬টি বিধানসভার উপনির্বাচন সহ ঝাড়খণ্ডে দু-দফায় ভোটের ৪৮ ঘণ্টা আগে থেকে বাংলা- ঝাড়খণ্ড সীমানা সিল করে দেওয়া হবে। উপযুক্ত অনুমতি ছাড়া যানবাহন কিংবা সাধারণ মানুষ যাতায়াত করতে পারবে না বলেও কমিশন জানিয়েছে।

রাজ্যজুড়ে ভোটের তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে আগামী ১২ই নভেম্বর। ডিসেম্বরের মাঝামাঝি পর্যন্ত এই কাজ চলবে বলে খবর। ভুয়ো ভোটের নিয়ে বিরোধী দলগুলির অভিযোগের ভিত্তিতে, কমিশন; বাড়ি বাড়ি গিয়ে তথ্য যাচাই করার উদ্যোগ নিচ্ছে। তবে, আগামী ১৩ ই নভেম্বর রাজ্যের ৬ টি বিধানসভা আসনে উপনির্বাচন পুরোনো তালিকার ভিত্তিতেই হবে।

আজ ধনতেরাস। পঞ্জিকা মতে ত্রয়োদশী তিথি শুরু হচ্ছে বেলা ১-টার পর। ধনতেরাস উপলক্ষে সোনার দোকানগুলি বিশেষ ছাড় দিচ্ছে। অগ্নিমূল্য সত্ত্বেও কেনাকাটায় ভাটা নেই। দোকানগুলিতে ক্রেতাদের ভীড় উপচে পড়ছে।

উত্তর ২৪ পরগনার হাসনাবাদে ডাক্তার দেখাতে আসা এক মহিলাকে ইনজেকশন দিয়ে অচৈতন্য করে ধর্ষণের অভিযোগে এক চিকিৎসককে পুলিশ গ্রেপ্তার করেছে। মোবাইলে ছবি তুলে তা ভাইরাল করে দেওয়ার ভয় দেখিয়ে অভিযুক্ত নুর

আলম সর্দার, ঐ মহিলার কাছ থেকে চার লক্ষ টাকাও নিয়েছে বলে অভিযোগ। গৃহবধূর স্বামীর অভিযোগের ভিত্তিতে গতরাতে ঐ চিকিৎসককে গ্রেপ্তার করে পুলিশ।

-----

এএফসি চ্যালেঞ্জ লিগের ম্যাচে আজ রাতে ইস্টবেঙ্গল বাংলাদেশের বসুন্ধরা কিংসের মুখোমুখি হতে চলেছে। থিম্পুর চঙলিমিথাঙ স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে আটটায়। টুর্নামেন্টে তাদের প্রথম ম্যাচে ইস্টবেঙ্গল পারো এফসির সঙ্গে ২-২ গোলে ড্র করে।

-----